দৈনিক বাংলা

তারিখ 20 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

১৭/

# ডাকসু নির্বাচন অনুষ্ঠানে শর্ত আরোপ চলবে না : ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ডাকসু নির্বাচনের দাবীতে ছাত্রদলের মিছিল-সমাবেশ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অব্যাহত রয়েছে। বুধবার ডাকসু ভবনের সামনে ছাত্রদলের সমাবেশে নেতৃবৃন্দ ডাকসু নির্বাচনের তারিখ অবিলম্বে ঘোষণার দাবী করে বলেন, কোন পূর্বশর্ত

(৫-এর পৃঃ দ্রঃ)

## ডাকসু নির্বাচন

(প্রথম পৃষ্ঠার পর)

আরোপ করে ডাকসু নির্বাচন ছাত্রসমাজ মেনে নেবে না। নেতৃবৃন্দ বলেন, অতীতের চেয়ে বর্তমানে ক্যাম্পাসে ডাকসু নির্বাচনের অনুকূল পরিবেশ বিরাজ করছে। ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, আজ যখন ছাত্রদল ডাকসু নির্বাচনের দাবীতে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে তখন কলাভবন, আমতলা, বটতলা, লেকচার থিয়েটার ভবন, অপরাজেয় বাংলা এবং মধুর ক্যান্টিন থেকে হাজার হাজার ছাত্রছাত্রী ছাত্রদলের এই দাবীর প্রতি হাত নেড়ে স্বতঃস্ফূর্ত সমর্থন জানায়। নেতৃবৃন্দ অভিযোগ করে বলেন, ছাত্রলীগ (শা-পা) ডাকসু নির্বাচনের উপযুক্ত পরিবেশের দাবী করছে, অন্যদিকে মস্তান, হাইজ্যাকার, ছিনতাইকারী দাগী আসামী ও সন্ত্রাসীদের এনে দক্ষিণ পাড়ার হলগুলিতে আশ্রয় দিয়ে ডাকসু নির্বাচনের স্বাভাবিক পরিবেশ বিনষ্ট করছে।

সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, অবিলম্বে ছাত্রসমাজের দাবী ডাকসু নির্বাচনের তারিখ ঘোষণা না করা হলে সাধারণ ছাত্রসমাজ এর বিরুদ্ধে ষড়যন্ত্রকারী প্রতিরোধ করবে।

সমাবেশে বক্তৃতা করেন ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন, সাধারণ সম্পাদক নাজিমউদ্দীন আলম, মনিরুজ্জামান মনির, শহীদউদ্দীন চৌধুরী এ্যানী, আওলাদ হোসেন ফারুক, মনোয়ার হোসেন রানা, এ বি এম মোশাররফ হোসেন, রফিক সিকদার ও মনির হোসেন।